

(স্মৃতি থেকে নেওয়া)

1. কোন্ মনোবিজ্ঞানীকে পরামর্শদান আন্দোলনের জনক বলা হয় ও কেন? 2. বংশগতির পরিপ্রেক্ষিতে পরিণমন কথাটির অর্থ কী? 3. পশ্চিমবঙ্গে প্রাথমিক শিক্ষা সংসদের চারটি প্রধান কাজ উল্লেখ করুন। 4. “বুধি হল বিমূর্ত চিন্তার ক্ষমতা”—বুধির এই সংজ্ঞা কে দিয়েছেন? এই সংজ্ঞা কেন অসম্পূর্ণ তার একটি কারণ লিখুন। 5. অন্তিম মূল্যায়নের যে-কোনো দুটি অসুবিধা উল্লেখ করুন। 6. পাঠ্যসূচি ও পাঠক্রমের মধ্যে দুটি সম্পর্কের কথা লিখুন। 7. প্রাচীন ভারতে ‘বর্ণাশ্রম প্রথা’ (সামাজিক স্তরবিন্যাস) শিক্ষার ক্ষেত্রে কী প্রভাব বিস্তার করেছিল? 8. পেস্টালৎসীর যে-কোনো দুটি শিক্ষানীতি উল্লেখ করুন। 9. ভারতের প্রেক্ষাপটে শিক্ষায় সমসুযোগ কথাটির প্রকৃত অর্থ কী? 10. সমাজ ও শিক্ষার সম্পর্ক দ্বিমুখী—এই কথার স্বপক্ষে একটি যুক্তি দিন। 11. অমূলক ভয় কাকে বলে? দুই প্রকার অমূলক ভয়ের নাম লিখুন। 12. আকবর শিক্ষাবিস্তারের জন্য যেসব পদক্ষেপ নিয়েছিলেন তার মধ্যে যে-কোনো দুটির উল্লেখ করুন। 13. র্যাংক পার্থক্য পদ্ধতি ও প্রোডাক্ট মোমেন্ট পদ্ধতির সাহায্যে পাওয়া সহগতি সহগাঙ্কের কোন্টি বেশি নির্ভরযোগ্য এবং কেন? 14. শ্রীরামপুর ত্রয়ী কাদের বলা হয়? 15. তপশিলি জাতি ও উপজাতি কাদের বলা হয় ও কেন এদের ‘তপশিলি’ বলা হয়? 16. মুদালিয়ার কমিশন ভাষা শিক্ষা সম্বন্ধে যে সুপারিশ করেছিল তার দুটি উল্লেখ

- করুন। 17. প্রয়োগবাদী দর্শন অনুযায়ী শৃঙ্খলা শব্দটির অর্থ কী? 18. বুধি অভীক্ষার যে-কোনো দুটি সাধারণ সীমাবদ্ধতার উল্লেখ করুন। 19. ‘বিদ্যালয়গুচ্ছ’ কথাটির অর্থ কী? এর যে-কোনো একটি উদ্দেশ্য লিখুন। 20. মধ্যমা কাকে বলে? এর সূত্রটি লিখুন। 21. পল্লি সংগঠন রবীন্দ্রনাথের শিক্ষাচিন্তা থেকে বিচ্ছিন্ন বিষয় নয়।—এর স্বপক্ষে একটি যুক্তি লিখুন। 22. মনোসামাজিক বিকাশের ক্ষেত্রে এরেকসনের তত্ত্বে প্রথম স্তরটি কী? 23. নেতিবাচক প্রবলনের একটি উদাহরণ দিন। 24. যে-কোনো দুটি খাদ্যগ্রহণ সংক্রান্ত অপসংগতির নাম লিখুন। 25. বারে বারে হাত ধোয়া, অকারণে ল্যাম্পপোস্ট গোনা ইত্যাদি আচরণ কোন্ ধরনের উদ্ভ্রান্ত রোগের লক্ষণ? 26. গণমাধ্যম ও সংবাদ মাধ্যমের মধ্যে পার্থক্য কী? 27. সম্যক বিচ্যুতির চারটি ব্যবহার উল্লেখ করুন। 28. স্বাভাবিক সম্ভাবনারেখা লেখচিত্রের উচ্চতাজনিত তিন ধরনের বিচ্যুতির নাম একটি ছবিতে চিহ্নিত করে দেখান। 29. ব্যক্তিত্বের প্রোফাইল কাকে বলে? 30. নির্ভরযোগ্য প্রসঙ্গে স্পিয়ারম্যান ব্রাউনের সূত্রটি কখন ব্যবহৃত হয়?